

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্স ৯৮৮-০২-৯৫৬২৯১৩  
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১৯২.১৪/২০২৫

ই-১

তারিখঃ

২২/০২/২০২৬  
২৬/০৫/২০২৬

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,  
ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা।

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়নধীন "আজিমপুর সরকারি কলোনীতে বহুতল আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-৫০১৫) অধীনে ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হইতে ৩য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০১৫-২০১৬ আর্থিক সালে খরচ করিবার জন্য ৩য় কিস্তি বাবদ = ৭৫০.০০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ করা হইলঃ


প্রকল্পের নাম ও কোড নং	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ বরাদ্দ	মূলধন খাতের অর্থ বরাদ্দ	মোট অর্থ বরাদ্দ
আজিমপুর সরকারি কলোনীতে বহুতল আবাসিক ভবন নির্মাণ। (প্রকল্প কোড-৫০১৫)	তৃতীয় কিস্তি	১.২৫ লক্ষ	৭৪৮.৭৫ লক্ষ	৭৫০.০০ লক্ষ

উক্ত খরচ সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা এর স্মারক নং-২৫.০৩১.০১৪.০১.০০.০৫৫.২০১৫-১৭৭ তারিখঃ ০৮/০৫/২০১৬খ্রিঃ (ফটোকপি সংযুক্ত) এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১১৫০ তারিখঃ ১১/০৫/২০১৬খ্রিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর নিকট পৃষ্ঠাংকনের মাধ্যমে ন্যস্তকৃত ৭৫০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৮, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-৩২৫১-৫০১৫-৪৮০০, ৬৮০০ এবং ৭০০০ খাতসমূহের ২০১৫-২০১৬ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হইতে সংকুলান/বহন করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাবলি যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা এর নিকট পুনঃ বরাদ্দ করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবেঃ

- শর্তসমূহ (ক) এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।  
(খ) অর্থ ব্যয়/এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।  
(গ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করিতে হইবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করিতে হইবে।  
(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করিতে হইবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(মোসলেহ উদ্দীন আহাম্মদ)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্স ৯৫৫৪৬২৪  
se\_coord@pwd.gov.bd


তারিখঃ

২২/০২/২০২৬  
২৬/০৫/২০২৬

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.১৯২.১৪/২০২৫(৫) ই-১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতম ক্রমানুসারে নহে) :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ৩। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপ সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের চফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, ব্লক নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। ইহা উপরোক্ত তাহার স্মারক ও তারিখের প্রেক্ষিতে।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩/ প্রকৃতি শাখা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা